

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদপ্তর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ৬০

নেত্রকোণা জেলা তথ্য অফিস ও গণযোগাযোগ অধিদপ্তরের উদ্যোগে কর্মশালা অনুষ্ঠিত

নেত্রকোণা (শনিবার, ০৪ নভেম্বর ২০২৩খ্রি.):

শুক্রবার ০৩ নভেম্বর নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলার বিরিশিরি ওয়াইএমসিএ মিলনায়তনে নেত্রকোণা জেলা তথ্য অফিস ও গণযোগাযোগ অধিদপ্তরের আয়োজনে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), ২০২৩-২৪ এর আওতায় প্রমাণকসহ স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে তৈরি ও প্রচার কার্যক্রম যথাযথ বাস্তবায়ন বিষয়ক দুইদিনব্যাপী এক কর্মশালা শুরু হয়েছে। কর্মশালায় ঢাকা ও ময়মনসিংহ বিভাগের জেলা তথ্য অফিসের অফিস প্রধানগণ ও এপিএ টিমের সদস্যরা অংশগ্রহণ করেন।

গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ নিজামুল কবীর সকালে ভিডিও কলে যুক্ত হয়ে কর্মশালার শুভ উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণযোগাযোগ অধিদপ্তরের পরিচালক (প্রচার ও সমন্বয়) হাছিনা আক্তার। সামাজিক যোগাযোগ মাধ্যমের স্মার্ট ব্যবহার ও এপিএ বাস্তবায়নে নতুন কর্মকৌশল ও কর্মপন্থা নির্ধারণে মহাপরিচালক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

নেত্রকোণা জেলা তথ্য অফিসের উপপরিচালক আল ফয়সাল এর সঞ্চালনায় কর্মশালায় আরও উপস্থিত ছিলেন ঢাকা বিভাগীয় তথ্য অফিসের পরিচালক জনাব কাজী গোলাম আহাদ, গণযোগাযোগ অধিদপ্তরের উপপরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট ফাহিমা জাহান, উপপরিচালক তারিক মোহাম্মদসহ ঢাকা ও ময়মনসিংহ বিভাগের জেলা তথ্য অফিসের অফিস প্রধানগণ ও এপিএ টিমের সদস্যবৃন্দ।

#

ফয়সাল/মনির/দেওয়ান/রিদওয়ান/হদা/রেজভী/২০২৩/১৬:০০ঘন্টা